গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং-৩৮.০০৭.০০৪.০০.০০.০০৩.২০১৫- ৪১২

তারিখঃ ২১ অগ্রহায়ন ১৪২৩ / ০৫ ডিসেম্বর ২০১৬

# অফিস আদেশ

প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইন, ১৯৭৪ এর ৩(১) ধারার অধীনে প্রণীত অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা ২০১৩ এর বিধি ৪ এর উপবিধি (১) এ প্রদত্ত কর্তৃত্ববলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রধান/সহকারী শিক্ষকগণকে ০১ জানুয়ারি, ২০১৩ তারিখ হইতে সংশ্লিষ্ট বিদ্যালয়ের নিম্নোক্ত ০৭ (সাত) জন প্রধান/সহকারী শিক্ষক পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল:

| ক্রমিক | জেলা | উপজেলা | বিদ্যালয়ের নাম | শিক্ষকের নাম | পদবী |
|---|---|---|---|---|---|
| ১. | সুনামগঞ্জ | বিশ্বম্ভরপুর | মৌয়াকুড়া রেজিঃ প্রাথমিক বিদ্যালয় | মোঃ আবু বকর সিদ্দিক | সহঃ শিক্ষক |
| ২. | ঝিনাইদহ | সদর | বাঘুটিয়া প্রাথমিক বিদ্যালয় | মোছাঃ ফাতিমা সিদ্দিকা | সহঃ শিক্ষক |
| | | | | মেরী পারভেজ | সহঃ শিক্ষক |
| ৩. | কুষ্টিয়া | খোকসা | রমানাথপুর মোল্লা পাড়া প্রাথমিক বিদ্যালয় | মোছাঃ ফরিদা ইয়াছমিন | সহঃ শিক্ষক |
| ৪. | কুড়িগ্রাম | উলিপুর | রাজনগর হাসনিয়া প্রাথমিক বিদ্যালয় | মোঃ আবুল কালাম প্রামানিক | প্রধান শিক্ষক |
| ৫. | চাপাইনবাবগঞ্জ | নাচোল | কালিহার প্রাথমিক বিদ্যালয় | মোঃ এরফান আলী | প্রধান শিক্ষক |
| ৬. | বগুড়া | দুপচাচিয়া | চেংগা প্রাথমিক বিদ্যালয় | মোঃ সুলতানা আলী আহম্মেদ | সহঃ শিক্ষক |

**শর্তাবলী:**

(ক) তাহাকে বাংলাদেশের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

(খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন নাই অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ নহেন মর্মে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন থাকিতে হইবে।

(গ) তাহার অনুকূলে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসক পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপর্যুক্ত বলিয়া প্রত্যয়ন থাকিতে হইবে;

(ঘ) তাহার পূর্ব কার্যকলাপ সন্তোষজনক মর্মে যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হইতে হইবে;

(ঙ) তিনি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) বা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) বা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) বা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর অধীন কোন ইউনিয়ন বা পৌরসভা বা উপজেলা বা সিটি কর্পোরেশনের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মেয়র বা কাউন্সিলর বা সদস্য পদে নির্বাচিত হইয়া থাকিলে উক্ত পদ হইতে পদত্যাগ করিতে হইবে।

(চ) তাহার বয়স সরকারী কর্মচারীর অবসর গ্রহণের বয়সের বেশী নয়।

(ছ) তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে ৩ (তিন) বছরের মধ্যে প্রয়োজনীয় যোগ্যতা অর্জন করিতে হইবে।

(গোপাল চন্দ্র দাস)
উপ-সচিব
ফোন: ৯৫১১০৭৩

নং-৩৮.০০৭.০০৪.০০.০০.০০৩.২০১৫-৪১২

তারিখঃ ২১ অগ্রহায়ন ১৪২৩ / ০৫ ডিসেম্বর ২০১৬

অনুলিপি- সদয় অবগতি ও কার্যার্থে:

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ/ঝিনাইদহ/কুষ্টিয়া/কুড়িগ্রাম/চাপাইনবাবগঞ্জ/বগুড়া ।

২। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট/খুলনা/রংপুর/রাজশাহী বিভাগ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সিলেট/ঝিনাইদহ সদর/খোকসা, কুষ্টিয়া/ উলিপুর, কুড়িগ্রাম/ নাচোল, চাপাইনবাবগঞ্জ/ দুপচাচিয়া, বগুড়া ।

৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ/ঝিনাইদহ/কুষ্টিয়া/কুড়িগ্রাম/চাপাইনবাবগঞ্জ/বগুড়া ।

৬। উপজেলা/থানা শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর, সিলেট/ঝিনাইদহ সদর/খোকসা, কুষ্টিয়া/ উলিপুর, কুড়িগ্রাম/ নাচোল, চাপাইনবাবগঞ্জ /দুপচাচিয়া, বগুড়া ।

৭। উপজেলা/থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সিলেট/ঝিনাইদহ সদর/খোকসা, কুষ্টিয়া/ উলিপুর, কুড়িগ্রাম/ নাচোল, চাপাইনবাবগঞ্জ/দুপচাচিয়া, বগুড়া ।

৮। অফিস কপি।

(গোপাল চন্দ্র দাস)
উপ-সচিব

*ST for Geget*